**তারিখ:** 16/09/2015

# আরবিআই কর্তৃক 10 আবেদনকারীকে স্মল ফিনান্স ব্যাঙ্ক-এর জন্য "নীতিনিষ্ঠ"(ইন-প্রিন্সিপল) অনুমোদন মঞ্জুর

নভেম্বর 27, 2014 তারিখে জারিকৃত **"গাইডলাইনস ফর লাইসেন্সিং অফ স্মল ফিনান্স ব্যাঙ্কস ইন প্রাইভেট সেক্টর"**(গাইডলাইনস)-এর অধীনে ক্ষুদ্র (স্মল) ফিনান্স ব্যাঙ্ক স্থাপনা করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই) আজ নিম্নলিখিত 10 আবেদনকারীকে "নীতিনিষ্ঠ" অনুমোদন মঞ্জুর করার সিদ্ধান্ত নিল।

**নির্বাচিত আবেদনকারীদের নাম**

1. আউ(Au) ফিনান্সিয়ারস (ইন্ডিয়া) লিমিটেড, জয়পুর
2. ক্যাপিটাল লোকাল এরিয়া ব্যাঙ্ক লিমিটেড, জলন্ধর
3. দিশা মাইক্রোফিন প্রাইভেট লিমিটেড, আহমেদাবাদ
4. ইকুইটাস হোল্ডিংস পি লিমিটেড, চেন্নাই
5. ইএসএএফ মাইক্রোফিনান্স অ্যান্ড ইনভেস্টমেন্টস প্রাইভেট লিমিটেড, চেন্নাই
6. জনলক্ষ্মি ফিনান্সিয়াল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, বেঙ্গালুরু
7. আরজিভিএন (নর্থ ইস্ট) মাইক্রোফিনান্স লিমিটেড, গুয়াহাটি
8. সুর্যোদয় মাইক্রো ফিনান্স প্রাইভেট লিমিটেড, নভি মুম্বই
9. উজ্জীবন ফিনান্সিয়াল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, বেঙ্গালুরু
10. উৎকর্ষ মাইক্রো ফিনান্স প্রাইভেট লিমিটেড, বারাণসি

আরবিআই কর্তৃক নির্ধারিত নির্দেশিকার অধীনে আবেদনকারীদের প্রয়োজনীয় অনুপালন এবং অন্যান্য শর্তাদি পূরণ করার জন্য "নীতিনিষ্ঠ" অনুমোদন মঞ্জুরি 18 মাসের জন্য বৈধ থাকবে। এসম্বন্ধে নিশ্চিত হয়ে যে আবেদনকারীগণ "নীতিনিষ্ঠ" অনুমোদনের অংশ হিসাবে তার দ্বারা স্থিরিকৃত প্রয়োজনীয় শর্তাদি অনুপালন করেছে, আরবিআই, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট 1949-এর ধারা 22(1)-এর অধীনে ব্যঙ্কিং ব্যবসা শরু করার লাইসেন্স মঞ্জুরির বিবেচনা করবে।

যতক্ষণ না পর্যন্ত নিয়মিত(রেগুলার) লাইসেন্স জারি করা হচ্ছে, আবেদনকরীগণ ব্যাঙ্কিং ব্যবসার কাজ হাতে নিতে পারবে না।

**নির্বাচন পদ্ধতি**

তিনটি আলাদা কমিটি কর্তৃক অবদানের ভিত্তিতে সিদ্ধান্ত চূড়ান্ত করে আরবিআই এই আবেদনকারীদের নির্বাচন করেছে, যার পিছনে রয়েছে প্রত্যেক আবেদনকারীর বিস্তারিত কেস স্টাডি। নির্বাচন প্রকৃয়া সম্পন্ন করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি গৃহিত হয়েছিল:

আরবিআই টিম সমস্ত আবেদনসমূহের আপাতদৃষ্ট(প্রাইমা ফেসি)যোগ্যতা ভিত্তিক প্রাথমিকভাবে পরীক্ষাকার্য সম্পাদন করে যার অন্তর্গত ছিল নির্দেশিকা অনুসারে ন্যূনতম প্রাথমিক মূলধন (মিনিমাম ইনিশিয়াল ক্যাপিটাল) তোলার ক্ষমতা এবং মালিকানাগত অবস্থান ও নাগরিকদের নিয়ন্ত্রণ। প্রাথমিক পরীক্ষাকার্যের অনুসন্ধানসমূহ শ্রীমতী ঊষা থোরাট, আরবিআই-এর প্রাক্তন ডেপুটি গভর্নর-এর চেয়ারম্যানশিপের অধীনে

গঠিত একটি বাহ্যিক উপদেষ্টা কমিটি-র (ইএসি) সামনে রাখা হয়। ইএসি আবেদনগুলিকে নির্দেশিকার সঙ্গে সাযুজ্য রেখে আপাতদৃষ্ট যোগ্যতা-র ভিত্তিতে বিস্তারিতভাবে খতিয়ে দেখতে সুপারিশ করে।

পুঙ্খানুপুঙ্খ পরীক্ষার অঙ্গ ছিল আর্থিক দৃঢ়তা নির্ধারণ, প্রস্তাবিত ব্যবসায়িক পরিকল্পনা, 'যোগ্য এবং যথাযথ' মান্যতা(ফিট অ্যান্ড প্রপার স্টেটাস) যার ভিত্তি নিয়ন্ত্রক(রেগুলেটর), গোয়েন্দা সংস্থা, ব্যাঙ্কসমূহ, ইত্যাদি থেকে প্রাপ্ত প্রয়োজনভিত্তিক প্রয়োগক্ষমতা সংক্রান্ত প্রতিবেদনসমূহ(ডিউ ডিলিজেন্স রিপোর্ট)। একটা গুরুত্বপূর্ণ বিষয় (ফ্যাক্টর) ছিল, ব্যাঙ্ক পরিষেবা বহির্ভূত অঞ্চল এবং জনগণের যে অংশ কম পরিষেবাপ্রাপ্ত-এই ক্ষেত্রগুলিতে প্রস্তাবিত কার্যপরিসর।তাঁদের সামনে রাখা তথ্যাদির ভিত্তিতে ইএসি বারংবার বসে আবেদনগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করে। ইএসি এরপর তাঁদের সুপারিশগুলি আরবিআই-এর কাছে পেশ করে।

এরপর, আরবিআই-এর গভর্নর এবং চারজন ডেপুটি গভর্নর-কে নিয়ে গঠিত একটি আভ্যন্তরীণ বাছাই কমিটি(আইএসসি) আবেদনগুলি খতিয়ে দেখে। আইএসসি, ইএসি-র করা সুপারিশের যুক্তিগুলিকে গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করে। সমস্ত আবেদনগুলি পরীক্ষার পর, আইএসসি, আরবিআই-এর সেন্ট্রাল বোর্ড-এর কমিটি (সিসিবি)-র কাছে তার স্বতন্ত্র সুপারিশগুলি পেশ করে। সেপ্টেম্বর 16, 2015 তারিখে অনুষ্ঠিত সিসিবি-র বৈঠকে, সিসিবি-র 'বাইরে থেকে আমন্ত্রিত' সদস্যগণ (এক্সটারনাল মেম্বারস) ইএসি এবং আইএসসি-র উল্লেখ(নোট), সুপারিশসমূহ পাঠ করেন এবং "নীতিনিষ্ঠ" অনুমোদন মঞ্জুরির জন্য আবেদনকারীর তালিকা স্থির করার সিদ্ধান্ত নেন। কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের পিছনে যে যুক্তি রয়েছে তার ব্যাখ্যা জানার লক্ষ্যে ইএসি-র চেয়ারম্যানকেও আমন্ত্রণ জানানো হয়।

সামনের দিনগুলিতে, রিজার্ভ ব্যাঙ্কের অভিপ্রায় এই লাইসেন্সপ্রদান চক্রে আহৃত শিক্ষা-কে নির্দেশিকাসমূহের সংশোধনের সময় যথাযথরূপে ব্যবহার করা এবং নিয়মিতভাবে লাইসেন্স দিয়ে চলা, কার্যতঃ ধারাবাহিক প্রক্রিয়াস্বরূপ("অন ট্যাপ")।

**পটভূমি**

স্মরণ করা যেতে যে ফিনান্সিয়াল সেক্টর রিফর্মস-এর উপর গঠিত কমিটি(চেয়ারম্যান: ডঃ রঘুরাম জি. রাজন), 2009 ভারতীয় ব্যবস্থায় ক্ষুদ্র ব্যাঙ্কের প্রাসঙ্গিকতা খতিয়ে দেখে। কমিটি-র মতে ক্ষুদ্র ব্যাঙ্কের লাইসেন্স প্রদান নিয়ে পরীক্ষানিরীক্ষার ন্যায্যতার পক্ষে পরিবেশগত পরিবর্তন পর্যাপ্তমাত্রায় ঘটে গেছে। কমিটি বেশী বেশী করে প্রাইভেট সুপরিচালিত আমানত-সংগ্রহকারী ক্ষুদ্র ফিনান্স ব্যাঙ্ককে(এসএফবি সমূহ)আসতে অনুমতি দিতে সুপারিশ করে, যেখানে তাদের কার্যপরিসরের ভৌগলিক কেন্দ্রীকরণের প্রতি প্রাধান্যজনিত অতিরিক্ত ঝুঁকির সাথে ভারসাম্য-নিয়ন্ত্রণ(অফসেট)করা হবে অতিরিক্ত মূলধন-প্রয়োজনীয়তা, কড়া নিষেধাজ্ঞাভিত্তিক সংশ্লিষ্ট পার্টি লেনদেন, কাজের ঘনত্ব সম্পর্কীত নিয়ম প্রনয়নের ক্ষেত্রে অনুমতিমাত্রা কম রেখে স্থির করার মাধ্যমে। একথাই আবার বলা হয় নীতিসম্পর্কিত **"ভারতের ব্যাঙ্কিং কাঠামোর উপর আলোচনাপত্র-সামনের পথ"**-এ যা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অগস্ট 27, 2013 তারিখে তার ওয়েবসাইটে প্রকাশ করে।

জুলাই 10, 2014 তে প্রকাশিত কেন্দ্রীয় বাজেট 2014-2015-তে, মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেন যে:

*"বর্তমান মূল-কাঠামোয় যথাযোগ্য পরিবর্তন এনে, চালু অর্থবর্ষে বেসরকারি ক্ষেত্রে সার্বজনিক ব্যাঙ্কের(ইউনিভার্সাল ব্যাঙ্ক) ধারাবাহিক অনুমোদন প্রদানের জন্য একটি কাঠামো প্রস্তুত করা হবে। ক্ষুদ্র ব্যাঙ্ক এবং অন্য পৃথকীকৃত(ডিফারেনশিয়েটেড)ব্যাঙ্কের লাইসেন্স প্রদান করার উদ্দেশ্যে আর বি আই একটি মূল-*

*কাঠামো প্রস্তুত করবে। পৃথকীকৃত ব্যাঙ্কসমূহ যা নির্দিষ্ট স্বার্থ(নিশে ইন্টারেস্ট), লোকাল এরিয়া ব্যাঙ্কস, পেমেন্টস ব্যাঙ্ক ইত্যাদির পরিষেবায় ব্যস্ত, তাদের কাছ থেকে আশা করা হচ্ছে যে তারা ক্ষুদ্র ব্যবসা, অসংগঠিত ক্ষেত্র, নিম্ন-আয় গৃহস্থ, কৃষক এবং পরিযায়ী শ্রমশক্তি-র ঋণ এবং অর্থপ্রেরণের প্রয়োজন মেটাবে।"*

**ক্ষুদ্র ফিনান্স ব্যাঙ্কের লাইসেন্স প্রদানের জন্য খসড়া নির্দেশিকা** জুলাই 17, 2014 তারিখে জনসাধারণের মন্তব্যের জন্য প্রকাশিত হয়। খসড়া নির্দেশিকার উপর গৃহিত মন্তব্য এবং পরামর্শের ভিত্তিতে, **ক্ষুদ্র ফিনান্স ব্যাঙ্কের লাইসেন্স প্রদানের জন্য চূড়ান্ত নির্দেশিকা** নভেম্বর 27, 2014 তারিখে জারি করা হয়।রিজার্ভ ব্যাঙ্ক জানুয়ারি 1, 2015 তারিখে নির্দেশিকার উপর (সংখ্যায় 176টি)**প্রশ্নাবলীর স্পষ্টীকরণ**ও জারি করে। রিজার্ভ ব্যাঙ্ক, **ক্ষুদ্র ফিনান্স ব্যাঙ্কের জন্য 72 টি আবেদন** গ্রহণ করে। তৎপরবর্তী সময়ে, মাইক্রোসেক রিসোর্সেস প্রাইভেট লিমিটেড, কলকাতা তার আবেদন প্রত্যাহার করে। আরেকটি আবেদনের ক্ষেত্রে যেটি পেশ করে শ্রী অজয় সিং ভিমভেট এবং অন্যান্য, সহ-সংগঠকদের(কোপ্রোমোটার) মধ্যে দুজন তাঁদের প্রতিনিধিত্বের দাবি(ক্যান্ডিডেচার) প্রত্যাহার করেন এবং সেকারণে আবেদনটিও প্রত্যাহার করা হয়েছে বলে গণ্য করা হয়।

**অতিরিক্ত খুঁটিনাটি**

নির্দেশিকায় বলা হয় যে আপাতদৃষ্ট যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক বাছাইয়ের পর, আবেদনগুলিকে এই উদ্দেশ্যে গঠিত একটি বাহ্যিক উপদেষ্টা কমিটি-র (ইএসি) সামনে রাখা হবে। তদনুসারে, আবেদন বাছাই করতে, এবং যারা নির্দেশিকাগুলির অনুপালন করে কেবলমাত্র সেই আবেদনকারীদেরকেই লাইসেন্সপ্রদানের জন্য সুপারিশ করতে, রিজার্ভ ব্যাঙ্ক, ফেব্রুয়ারি 4, 2015 তারিখে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর প্রাক্তন ডেপুটি গভর্নর **শ্রীমতী ঊষা থোরাট-এর অধীনে(চেয়ারড) একটি ইএসি** গঠন করে। ইএসি-র তিন জন সদস্য ছিলেন: শ্রী এম. এস. সাহু, সেবি-র প্রাক্তন সদস্য; শ্রী এম. এস. শ্রীরাম, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (আইআইএম), ব্যাঙ্গালোর-এর প্রফেসর এবং শ্রী এম. বালাচন্দ্রন, চেয়ারম্যান, ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া।পরবর্তীকালে, যেহেতু শ্রী এম. এস. সাহু, কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া-র সদস্য হিসাবে তাঁর নিয়োগ হওয়ার কারণে কমিটি থেকে নিজের নাম প্রত্যাহার(রিক্যুজ)করে নেন, রিজার্ভ ব্যাঙ্ক,এপ্রিল 2015-তে, শ্রী রবি নারায়ন, ভাইস চেয়ারম্যান, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-কে কমিটি-তে নিয়োগ করে।

**অলপনা কিল্লাওয়ালা**
প্রধান মূখ্য মহাপ্রবন্ধক

**প্রেস রিলিজঃ 2015-2016/693**